গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
সরিষাবাড়ী,জামালপুর।

স্মারক নং-৩৩.০১.৩৯৮৫.০৩০.৩২.০০১.২০-৫২০ তারিখঃ ০৯/১২/২০২০ ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প" এর আওতায় প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য ইউনিয়ন ভিত্তিক ০১(এক) জন করে LFF পদে নিয়োগ করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম,পিতার নাম,মাতার নাম,বতমান ও স্থায়ী ঠিকানা,মোবাইল নম্বর, জাতীয়তা,এন আই ডি নম্বর,জন্ম তারিখ,বৈবাহিক অবস্থা,শিক্ষাগত যোগ্যতা,প্রশিক্ষণ,ইত্যাদি তথ্যাদি সহ স্বহস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে। আগামী **১৫/১২/২০২০ইং** তারিখ রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজ পত্র সহ আবেদন জমাদানের জন্য অনুরোধ করা হল।

LFF নিয়োগে বিবেচ্য বিষয়সমূহঃ

১. সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে।

২.বয়স ৩০-৪০ বছর হতে হবে।

৩.পুরুষ বা নারী উভয়কে LFF হিসেবে নির্বাচন করা যাবে।

৪.শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে।

৫.পড়া ও লিখায় দক্ষ হতে হবে।

৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ প্রাপ্ত ও বর্তমানে প্রাণিসম্পদ সেবা কল্যাণ কাজে নিয়োজিত ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হবে।

৭। ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীকে LFF হিসেবে নির্বাচন করা যাবে না।

৮। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য LFF এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য পালনের মানসিকতা থাকতে হবে। সার্বক্ষণিক অন্য পেশায় নিয়োজিতদের LFF হিসেবে নির্বাচন করা যাবে না।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

১। এসএসসি সনদের সত্যায়িত কপি।

২। জাতীয় পরিচয়পত্র।

৩। নাগরিকত্ব সনদপত্র।

৪। যুব উন্নয়ন থেকে প্রশিক্ষণের সনদপত্র।

**সাক্ষাতের তারিখঃ১৭/১২/২০২০ ইং(সাক্ষাতের সময় মূল কাগজ পত্র সংগে আনতে হবে।)**

**সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা।**

(ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
সরিষাবাড়ী,জামালপুর।
ও
সদস্য সচিব নিয়োগ ও মনিটরিং কমিটি

স্মারক নং-৩৩.০১.৩৯৮৫.০০০.৩২.০০১.২০-৫২০ তারিখঃ ০৯/১২/২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল

১। উপ-পরিচালক,বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ বিভাগ ময়মনসিংহ।

২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জামালপুর।

৩। প্রকল্প পরিচালক, উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প"ডিএলএস,ঢাকা।

৪। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

৫। উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

৬। উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

৭। উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

৮। উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।

৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল)..............................। বহুল প্রচারের জন্য।

১০। অফিস কপি।

০৯/১২/২০২০

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
সরিষাবাড়ী, জামালপুর।
ও
সদস্য সচিব নিয়োগ ও মনিটরিং কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.৭০০.১৪.০২৫( ১).২০/ ৭১৫

তারিখঃ ২৪/১১/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ **উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ এবং সুফলভোগী নির্বাচন ও মনিটরিং কমিটি অনুমোদন।**

সূত্র ঃ প্রকল্প পরিচালকের ১১/১১/২০২০ খ্রিঃ তারিখের ৩৩.০১.০০০০.৮৩৭.১১.০০১.২০/১২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র আলোকে প্রকল্প এলাকাভূক্ত ১০টি জেলার ৪৩টি উপজেলার মোট ২০১ টি ইউনিয়নে (প্রতি ইউনিয়নে ১জন করে) ২০১ (দুইশত এক) জন লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ এবং সুফলভোগী নির্বাচন ও মনিটরিং এর লক্ষ্যে নিম্নে উল্লেখিত কমিটি অনুমোদন করা হলো।

**অনুমোদিত লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ এবং সুফলভোগী নির্বাচন ও মনিটরিং কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩ | উপজেলা মৎস্য অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৪ | উপজেলা সমাজসেবা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন) | সদস্য |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য-সচিব |

উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান কমিটির উপদেষ্টা হিসাবে কাজ করবেন।

**ফিল্ড ফ্যাসিলিটেটর নির্বাচন কমিটি'র কার্যপরিধিঃ**

১। নির্দিষ্ট বৈশিষ্ট্য অনুযায়ে সুফলভোগী পরিবার নির্বাচন করবেন ও প্রকল্প কার্যক্রম নিয়মিত তদারকি করবেন।
২। ইউনিয়ন ভিত্তিক লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ করবে।
৩। প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা সমাধানে প্রয়োজনীয়তা সিদ্ধান্ত প্রদান করবে।
৪। প্রতিমাসে অন্তত একবার সভা করবে।
৫। প্রয়োজন হলে সদস্য কো-অপ্ট করতে পারবে।

উপজেলা পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান করে LFF নিয়োগ করা হবে এবং নিয়োগকৃত LFF সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট দায়বদ্ধ থাকবে।

ফিল্ড ফ্যাসিলিটেটর নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ ঃ

১) সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।
২) বয়স ৩০-৪০ বছর হতে হবে।
৩) পুরুষ বা নারী উভয়কে LFF হিসেবে নির্বাচন করা যাবে ।
৪) শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাশ হতে হবে।
৫) পড়া ও লিখায় দক্ষতা থাকতে হবে।
৬) প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ও বর্তমানে প্রাণিসম্পদ সেবা বা পালন কাজে নিয়োজিত ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
৭) ছাত্র-ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিকে লাইভস্টক ফিল্ড ফ্যাসিলিটেটর (LFF) নিয়োগ দেওয়া যাবে না।
৮) প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য LFF এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে। সার্বক্ষণিক অন্য পেশায় জড়িতদের LFF হিসেবে নির্বাচন করা যাবে না।

২৪.১১.২০২০

(ডাঃ আবদুল জব্বার শিকদার)
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

| | |
|---|---|
| ১-৪৯ | উপজেলা নির্বাহী কর্মকর্তা ,----------------------------------- |
| ৫০-৯৯ | উপজেলা কৃষি কর্মকর্তা,------------------------------ |
| ১০০-১৪৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা,----------------------------- |
| ১৫০-১৯৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ----------------------------- |
| ২০০-৪০১ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,------------------------------ |
| ৪০২-৫৫১ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ,---------------------------- |

অনুলিপিঃ
প্রকল্প পরিচালক, উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।
অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণের জন্য বলা হলো।